

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী



স্মারক নম্বর : ০৮/কনি-০৩/৩৫

তারিখ : ২৮/০৫/২৩

বিষয় : ২০২১-২০২২ শিক্ষাবর্ষে উচ্চ মাধ্যমিক শিক্ষার্থীদের নিবন্ধন কার্ড বিতরণ ও জমা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০২১-২০২২ শিক্ষাবর্ষে অর্থাৎ ২০২৩ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের নিবন্ধন কার্ড নিম্নলিখিত তারিখ অনুযায়ী বিতরণ ও জমা করা যাবে। মুদ্রণকৃত নিবন্ধন কার্ড গ্রহণের জন্য কলেজের নির্ধারিত প্যাডে অধ্যক্ষে মহোদয় আবেদন দাখিল করতে হবে।

: নিবন্ধন কার্ড গ্রহণ ও জমাদানের তারিখ নিম্নরূপ :

ক্রমিক	কাজের বিবরণ	তারিখ	জেলা সমূহ
১।	নিবন্ধন কার্ড বিতরণ	২৩/০৫/২০২৩	নওগাঁ, বগুড়া, জয়পুরহাট
		২৪/০৫/২০২৩	নবাবগঞ্জ, সিরাজগঞ্জ, নাটোর
		২৫/০৫/২০২৩	রাজশাহী, পাবনা
২।	সীলমোহর যুক্ত নিবন্ধন মুড়ি বই বোর্ডে জমা দান	১৩/০৬/২০২৩	নওগাঁ, বগুড়া, জয়পুরহাট
		১৪/০৬/২০২৩	নবাবগঞ্জ, সিরাজগঞ্জ, নাটোর
		১৫/০৬/২০২৩	রাজশাহী, পাবনা

মুদ্রণকৃত নিবন্ধন কার্ড বোর্ড থেকে গ্রহণ ও জমা দেয়ার পূর্বে নিম্নবর্ণিত নির্দেশাবলী অবশ্যই যথাযথ ভাবে পালন করতে হবে।

১। গ্রহণকৃত সমস্ত নিবন্ধন কার্ড ফরমে দেয়া R.B.C.C ক্রমিক অনুসারে সাজাতে হবে।

২। গ্রহণকৃত নিবন্ধন কার্ডের মুড়ির অংশটুকু হার্ডবোর্ড ও কাপড় দিয়ে বই আকারে বেঁধে কলেজের গোল সিলমোহর লাগিয়ে একসঙ্গে জমা দিতে হবে। উল্লেখ্য, ১০০ (একশত) এর বেশী কার্ড বই আকারে বাঁধাই করা যাবে না। ভুল নিবন্ধন কার্ড বই আকারে বাঁধাই করা যাবে না, সংশোধন করার পর নিবন্ধন কার্ড জমা দিতে হবে।

২। নিবন্ধন কার্ডে শিক্ষার্থী, পিতা, মাতার নামে আক্ষরিক কিংবা বিষয় কোড ভুল হলে নিবন্ধন কার্ড ফটোকপি করে ফটোকপিতে লাল কালি দিয়ে ভুল অংশ কেটে সঠিক তথ্য লিখে ২ সেট আবেদন ফটোকপিসহ ১৫/০৬/২০২৩ তারিখের মধ্যে উচ্চ মাধ্যমিক নিবন্ধন শাখায় শিক্ষার্থী প্রতি ২৫০/- টাকা হারে সোনালী সেবা করে নিবন্ধন কার্ড সংশোধন করা যাবে।

পরীক্ষা চলাকালিন সময়ে নিবন্ধন কার্ড সংশোধনের জন্য কার্ড প্রতি ৫০০/- টাকা হারে সোনালী সেবা প্রযোজ্য হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে



(মো: হুমায়ূন কবীর)

সচিব

ও

কলেজ পরিদর্শক (দায়িত্বপ্রাপ্ত)

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

তারিখ :

প্রাপক:

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

উচ্চ মাধ্যমিক পর্যায়ের সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান।

স্মারক নম্বর :

অনুলিপি অবগতির জন্য প্রেরিত হ'ল:

১। সচিব/পরীক্ষা নিয়ন্ত্রক/উপ-পরিচালক(হি : ও-নিঃ)/সিনিয়র সিস্টেম এনালিস্ট(চ.দা)

২। পি.এস টু চেয়ারম্যান/শাখা কর্মকর্তা, হিসাব আয় শাখা/উচ্চ মাধ্যমিক পরীক্ষা শাখা।

৩। অফিস কপি।

(মো: হুমায়ূন কবীর)

সচিব

ও

কলেজ পরিদর্শক (দায়িত্বপ্রাপ্ত)

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী